P. 10709/09 I 9190/09

भारतीय गैर न्यायिक

भारत INDIA

रु. 500 FIVE HUNDRED RUPEES

पाँच सौ रुपये सत्यमेव जयते Rs. 500

INDIA NON JUDICIAL

पश्चिमबङ्ग पश्चिम बंगाल WEST BENGAL A 344763

148838

Certified under rule ... and also u/s 5/1 of L. R. Act 1995 duly Stamped under the Indian Stamp Act of 1899 Second amendement Act of 1964 Schedule IA/No ... Fees Paid ...

*।। স্থাবর সম্পত্তির নিঃসর্ত দানপত্র ।।*

*দানকৃত সম্পত্তির মূল্য - ১,০০,০০০ এক লক্ষ টাকা মাত্র।*

গ্রহীতা ঃ শ্রী মদন সাহা, পিতা - ঁরাধা গোবিন্দ সাহা, জাতি - হিন্দু, ভারতীয়, পেশা - ব্যবসা, সাকিন - ৮৯, বাগুইআটি ফোর্থ লেন, থানা - দমদম, জেলা - উত্তর ২৪ পরগণা, কলকাতা - ৭০০ ০২৮।

( দানপত্র গ্রহীতা )

5 NOV 2009

দাতা ঃ- শ্রী ননী গোপাল সাহা, পিতা - ঁরাধা গোবিন্দ সাহা, জাতি - হিন্দু, ভারতীয়, পেশা - চাকুরী, সাকিন - ৮৯, বাগুইআটি ফোর্থ লেন, থানা - দমদম, জেলা - উত্তর ২৪ পরগণা, কলকাতা - ৭০০ ০২৮।

( দানপত্র দাতা )

भारतीय गैर न्यायिक

भारत

दस रुपये रु.10

TEN RUPEES Rs.10

सत्यमेव जयते

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL                33AA 649196


ঃ ২ ঃ

কস্য সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্থানীয় মাপের কমবেশী ০-৪-৩৪ চার ছটাক চৌত্রিশ বর্গফুট জমি মায় তদুপরিস্থিত পাকা দেওয়াল টালির ছাউনি যুক্ত ১০০ বর্গফুট পরিমিত গৃহাদি যাবতীয় আকর আওলাতাদি বর্ত্মস্বত্ব ইজমেন্ট রাইট সহ দরবস্ত হক হকুক সম্পত্তির নিঃসর্ত দানপত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা ২৪ পরগনা, বর্তমানে উত্তর ২৪ পরগনা, থানা দমদম এর এলাকাধিন জেঃ এলঃ নং ২০, মৌজা সাটগাছি, ১৮২নং তৌজি, উর্দ্ধতন মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বর্তমানে উত্তর ২৪ পরগণা জেলা কাল্লেকটার বাহাদুর অধিকারে ৫০৩ ´ক´, ´খ´ গ্রুপ খতিয়ানের অধিন ৫০৫নং খতিয়ানস্থিত ২১৯৭নং দাগের .৮৬১৯ শতক জমিসহ ১.৭৬০ শতক রায়ত স্থিতিবান স্বত্ত্বীয় বার্ষিক ২৭ টাকা করের জমিজমা মধ্যে দ      চৌদ্দ আনা অংশের সম্পত্তি যাহা শ্রী অমরেন্দ্র নাথ চট্টোপাধ্যায় মহাশয় কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১৯৫৫ সালের

PAGE NO. —

# SPECIMEN FORM FOR TEN FINGERPRINTS

| Sl. No. | Signature of the Executants/ Presentants | | | | | |
|---|---|---|---|---|---|---|
| |  | | | | | |
| | | Little | Ring | Middle | Fore | Thumb |
| | | | (Left Hand) | | | |
| | | | | | | |
| | | Thumb | Fore | Middle | Ring | Little |
| | | | (Right Hand) | | | |
| |  | | | | | |
| | | Little | Ring | Middle | Fore | Thumb |
| | | | (Left Hand) | | | |
| | | | | | | |
| | | Thumb | Fore | Middle | Ring | Little |
| | | | (Right Hand) | | | |
| | | | | | | |
| | | Little | Ring | Middle | Fore | Thumb |
| | | | (Left Hand) | | | |
| | | | | | | |
| | | Thumb | Fore | Middle | Ring | Little |
| | | | (Right Hand) | | | |

৯৫০৬ এবং ৯৫০৭নং রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিলের দ্বারা পাঁচ পিয়াদা ও হাজু পিয়াদার নিকট হইতে খরিদ করেন ও তৎপরে উক্ত দাগের অবশিষ্ট . দুই আনা অংশের সম্পত্তি ঐ অফিসের ১৯৫৬ সালের ৮৫১৭নং যুক্ত রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিলের দ্বারা দিলু মন্ডল গণের নিকট হইতে খরিদ করেন।

জেলা ২৪ পরগনা, বর্তমানে উত্তর ২৪ পরগনা, থানা দমদম এর এলাকাধিন জেঃ এলঃ নং ২০, মৌজা সাটগাছি, ১৬৯নং তৌজি, উর্দ্ধতন মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বর্তমানে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে ২০১ ´ খ ´ গ্রুপ খতিয়ানের অধিন ২২৯নং খতিয়ানস্থিত ২২০০নং দাগের .২৩৩১ শতক জমি এবং ২১৯৫, ২১৯৯, ২২০১ নং দাগের জমি সহ ১.০৮৫৭ শতক জমি সহ সর্ব্বমোট ৪.৫২৪৪ শতক রায়ত মোকরারী স্বত্ত্বীয় বার্ষিক ১৩। ´ ৩ তের টাকা তিন পাই করের জমিজমা মধ্যে ২২০০নং দাগের জমি মধ্যে খয়রাতালির অংশে প্রাপ্ত ২৩৩১ শতক জমি সহ ২১৯৫, ২১৯৯, ২২০০, ২২০১নং দাগের ১.০৮৫৭শতক জমি যাহা শ্রী অমরেন্দ্র নাথ চট্টোপাধ্যায় মহাশয় কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১৯৫৫ সালের ২৩৫৭নং যুক্ত রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিলের দ্বারা খরিদ করিয়া উপরোক্ত ২১৯৫, ২১৯৭, ২১৯৮, ২১৯৯, ২২০০ এবং ২২০১নং দাগের জমি বিভিন্ন প্লটে বিভক্ত করতঃ সাফ বিক্রয় করিবার ঘোষনা করিলে পর উক্ত সাটগাছি মৌজার ৫০৫নং খতিয়ানস্থিত ২১৯৭ নং দাগের জমি মধ্যে স্হানীয় মাপের কমবেশী ২-৮-০ দুই কাঠা ছটাক এবং ২২৯নং খতিয়ানস্হিত ২২০০নং দাগের জমিমধ্যে স্থানীয় মাপের কমবেশী ০-৯-৪ নয় ছটাক চার বর্গফুট উভয় দাগে ১৪নং প্লটস্হিত স্থানীয় মাপের ৩-১-৪ তিন কাঠা এক ছটাক চার বর্গফুট জমি যাহা দাতা গ্রহীতা আমাদিগের মাতা অধুনা মৃত কিরণ বালা সাহা মহাশয়া তদীয় স্ত্রীধন অর্থে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ৫/০২/১৯৫৮ সালের ১নং বহির, ২১নং ভল্যুমের ৫২ হইতে ৫৬ পাতায় নকলকৃত ৭০৮নং যুক্ত রেজিষ্ট্রীকৃত নক্সা বিমর্জ্জিম সাফ কোবালা দলিলের দ্বারা উক্ত শ্রী অমরেন্দ্র নাথ চট্টোপাধ্যায় মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া উক্ত সম্পত্তিতে স্বত্ত্ববতী ও মালিক দখলকারিণী নিযুক্ত হইয়া গৃহাদি নির্ম্মাণ করতঃ ট্যাক্সাদি ও খাজনাদি প্রদানে খাসে ভোগ দখল করিয়া আসিতে থাকা অবস্থায় গত ইং ২৬/০২/১৯৯২ তারিখে কাশীপুর দমদম এ্যাডিশ্যনাল ডিষ্ট্রিক্ট সাবরেজিষ্ট্রী অফিসের ১নং বহির, ২৫নং ভল্যুমের ৩৩ হইতে ৪৬ পাতায় নকলকৃত ১০৮৮নং যুক্ত রেজিষ্ট্রীকৃত এককেতা নক্সা বিমর্জ্জিম পারিবারিক ব্যবস্থা পত্র বা অর্পণ নামা বা ডিড অফ ফ্যামিলী সেটেলমেন্ট ইন ট্রাষ্ট দলিলের দ্বারা তদীয় পাঁচ পুত্র অত্র দানপত্র দাতা ও গ্রহীতা এবং শ্রী অশ্বিনী কুমার সাহা, শ্রী জয় গোপাল সাহা ও শ্রী প্রাণ গোপাল সাহাদিগের অনুকূলে নক্সা মোতাবেক নিৰ্দ্দিষ্ট ও চিহ্নিত

মত সম্পত্তি ব্যবস্থা করিয়া খাসে ভোগদখল করিয়া আসিতে থাকাকালে আমাদিগের মাতা উক্ত কিরণ বালা সাহা মহাশয়া গত ইং / / তারিখে পরলোক গমন করেন ও উক্ত পারিবারিক ব্যবস্থা পত্র অর্পণ নামা দলিলের লিখিত সর্ত প্রকৃতি অনুসারে আমাদিগের অনুকূলে আমাদিগের মাতার ব্যবস্থাকৃত ষোল আনা সম্পত্তি মধ্যে অর্পন নামা দলিলে বর্ণিত "খ" তপশীলভূক্ত ও দলিল গ্রথীত নক্সায় প্রদর্শিত " হলুদ " রঙে বেষ্টিত ও সীমাঙ্কিত "বি" চিহ্নিত লটভূক্ত স্থানীয় মাপের ১-৩-৩ এক কাঠা তিন ছটাক তিন বর্গফুট জমি মায় গৃহাদি দাতা ও গ্রহীতা আমরা যথাক্রমে শ্রী ননী গোপাল সাহা ও শ্রী মদন সাহা যৌথভাবে নির্দ্দিষ্ট ও চিহ্নিত মত প্রাপ্ত হইয়া স্হানীয় মিউনিসিপ্যালিটীতে আমাদিগের নাম রেকর্ড লিপিবদ্ধ করাইয়া ট্যাক্সাদি প্রদানে খাসে অন্যের নিরাংশে নির্ব্বিবাদে ভোগ দখল করিয়া আসিতেছি যাহা দান, বিক্রয়, হস্তান্তরাদি করিবার উত্তম স্বত্ত্ব ও অধিকার আমাদিগের উভয়ের আছে।

অত্র দানপত্র গ্রহীতা তুমি আমার অনুজ সহোদর ভ্রাতা হইতেছ। তুমি আমাকে যথেষ্ঠ ভক্তি শ্রদ্ধা করো। তোমার অকৃত্রিম ভ্রাতৃ প্রীতিতে আমি তোমার প্রতি খুবই প্রীত আছি। ষাটগাছি মৌজার ৮৯নং বাগুইআটি ফোর্থ লেন প্রেমিসেসস্থিত জনকল্যাণ কলোনীতে আমার এবং তোমার যে ১-৩-৩ এক কাঠা তিন ছটাক তিন বর্গফুট জমি মায় গৃহাদী আছে উক্ত জমিমধ্যে গ্রহীতা তোমার নিজ অর্দ্ধাংশে স্থানীয় মাপের কমবেশী ০-৯-২৪ নয় ছটাক চব্বিশ বর্গফুট জমি মায় গৃহাদি বাদে আমার নিজাংশের ০-৯-২৪ নয় ছটাক চব্বিশ বর্গফুট জমি মায় ইটের দেওয়াল টালির ছাউনিযুক্ত গৃহাদি মধ্যে ১০০ বর্গফুট পরিমিত গৃহাদি যাবতীয় ইজমেন্ট আকর আওলাতাদি মধ্যে পূর্ব্ব দিকস্থ স্থানীয় মাপের ০-৪-৩৪ চার ছটাক চৌত্রিশ বর্গফুট জমি মায় ১০০ বর্গফুট পরিমিত গৃহাদি তোমার অনুকূলে ভ্রাতৃস্নেহের নিদর্শন স্বরূপ বিনা সর্তে নির্ব্যূঢ় স্বত্বে দান করিলাম এবং "খ" তপশীল বর্নিত সম্পত্তি হইতে ওয়ারিশান স্থলাভিষিক্ত গণক্রমে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম ও উহাতে তোমাকে দখল ছাড়িয়া দিলাম। তুমি নিজাংশের জমি সহ স্হানীয় মাপের ০-১৪-১৩ চৌদ্দ ছটাক তের বর্গফুট জমি মায় গৃহাদিতে একক ষোল আনা মালিক দখলকার নিযুক্ত হইলে "ক" তপশীল বর্নিত ষোল আনা সম্পত্তি মধ্যে আমার নিজ অর্দ্ধাংশের ০-৯-২৪ বর্গফুট জমিমায় গৃহাদি মধ্যে তোমার অনুকূলে দানকৃত "খ" তপশীল বর্নিত পূর্ব্বদিকস্থ স্থানীয় মাপের কমবেশী ০-৪-৩৪ চার ছটাক চৌত্রিশ বর্গফুট জমি মায় গৃহাদি ও তোমার নিজাংশের সম্পতি সহ সর্বমোট ০-১৪-১৩ চৌদ্দ ছটাক তের বর্গফুট জমি মায় গৃহাদিতে একক ষোল আনা স্বত্ত্ববান ও মালিক দখলকার নিযুক্ত হইয়া মালিকান সরকার ও স্হানীয় মিউনিসিপ্যালিটীতে তোমার নিজ নাম পত্তন করতঃ গৃহাদি বা পাকা ইমারতাদি নির্ম্মাণ, ভাঙ্গা, গড়া, পরিবর্তন, পরিবর্দ্ধন, সংস্কার, দান, বিক্রয়, লীজ, বন্ধক, হস্তান্তরাদি সর্বপ্রকার ক্ষমতা

পরিচালনা করিতে থাকিয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত গণক্রমে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগ দখল করিতে থাকিবে, তাহাতে আমি বা আমার ওয়ারিশ স্থলাভিষিক্তগণ মধ্যে কেহ কষ্মিনকালেও কোনপ্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিব না বা করিবেক না করিলেও তাহা সর্বভাবে সর্ব্বাদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক।

দানকৃত সম্পত্তি কোনপ্রকার দায়াবদ্ধ করি নাই বা করা নাই। উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় তোমার নিজ খাসে দখলে ও তত্ত্বাবধানে থাকা অবস্থায় তোমার অনুকূলে দান করিলাম।

দানকৃত সম্পত্তিতে তোমার স্বত্ত্ব দখল কায়েম ও সুদৃঢ় করিবার কারণে তোমাকে সকলপ্রকার সহায়তা করিতে স্বীকৃত থাকিলাম।

তুমি অত্র দানপত্র গ্রহীতা আমার অতি স্নেহের সহোদর ভ্রাতা। আশাকরি ভ্রাতার প্রতি ভ্রাতার কর্তব্য হইতে তুমি কখনো বিচ্যুত হইবে না।

"খ" তপশীল বর্নিত দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব সংশ্রব লভ্য হক হকিয়ৎ ইজমেন্ট অধিকারাদি ছিল বা আছে তৎসমস্তই অদ্যকার তারিখ হইতে রদ রহিত ও লোপ পাইয়া অত্র দানপত্র দলিলের বলে আমা হইতে তোমাতে নির্ব্যূঢ় স্বত্বে নিরঙ্কুশ বর্ত্তিল।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনা অনুরোধে অত্র দলিলের ভাষা ও মর্ম্ম সম্যক অবগত হইয়া তোমার অনুকূলে অত্র দান পত্র দলিলে সহি সম্পাদন করিলাম। ইতি সন ১৪১৬ সালের ১৭ই কার্ত্তিক ইং তাং ৪ / ১১ /২০০৯ সাল।

## ।। "ক" তপশীল দলিল দাতা শ্রী ননী গোপাল সাহা গ্রহীতা মদন সাহা আমাদিগের যৌথ সম্পত্তির পরিচয় ও চৌহদ্দি ।।

জেলা উত্তর ২৪ পরগণা, এ্যাডিশ্যানাল ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রি অফিস কাশীপুর দমদম, পরগনা কলিকাতা সাউথ দমদম মিউনিসিপ্যালিটীর ২৬নং ওয়ার্ডের অন্তর্গত ৮৯নং বাগুইআটি ফোর্থ লেন জনকল্যাণ কলোনী প্রেমিসেসভূক্ত এবং পূর্ব্বতন ৬নং তৎপরে ৬/২নং বাগুইআটি ফোর্থ লেন, বর্তমানে ১১নং বাগুইআটি ফোর্থ লেন থানা দমদম এর এলাকাধীন, জেঃ এলঃ নং

২০, রেঃ সাঃ নং - ১৫৪, মৌজা সাটগাছি, ১৮২নং ও ১৬৯নং তৌজি, উর্দ্ধতন মালিক বর্তমানে উত্তর ২৪ পরগণা জেলা কলেকটার বাহাদুর অধিকারে ৫০৫ নং খতিয়ানস্থিত ২১৯৭ একুশ শত সাতানব্বই নম্বর দাগ এবং ২২৯নং খতিয়ানস্হিত ২২০০ বাইশ শত দাগ উভয় দাগের জমি মধ্যে অর্পন নামা দলিলে লিখিত "ক" তপশীল ২ দফায় বর্ণিত স্থানীয় মাপের কমবেশী ৩-১-৪ বর্গফুট জমিমায় গৃহাদি মধ্যে আমাদিগের অনুকূলে আমাদিগের মাতার ব্যবস্হাকৃত দলিলে গ্রথীত নক্সায় প্রদর্শিত " হলুদ " রঙে বেষ্টিত ও সীমাঙ্কিত "বি" চিহ্নিত লটভূক্ত স্থানীয় মাপের ১-৩-৩ এক কাঠা তিন ছটাক তিন বর্গফুট জমি মায় গৃহাদি যাবতীয় আকর আওলাতাদি। রিভিশ্যনাল সেটেলমেন্টের ৫৮৪৮ নং দাগ। হারাহারি মত বার্ষিক খাজনা ৫০৫নং খতিয়ানে .২৭ পয়সা জমা। ২২৯নং খতিয়ানে .০২ পয়সা জমা।

*<u>যাহার চৌহাদ্দিঃ-</u>*

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ- | শ্রীমতী কনক লতা সাহা ভৌমিক। |
| দক্ষিনে | ঃ- | ৪-০´´ ফুট প্রশস্ত কমন প্যাসেজ। |
| পূবের্ব | ঃ- | ১২´ ফুট প্রশস্ত রাস্তা। |
| পশ্চিমে | ঃ- | "সি" লট শ্রী প্রাণ গোপাল সাহা। |

অত্র চৌহদ্দি মধ্যে অর্পন নামা দলিলে গ্রথীত নক্সায় প্রদর্শিত "বি" চিহ্নিত লটস্থিত স্থানীয় মাপের কমবেশী ১-৩-৩ এক কাঠা তিন ছটাক তিন বর্গফুট জমি মায় গৃহাদি যাবতীয় আকর আওলাতাদি যাহা দাতা শ্রী ননী গোপাল সাহা ও গ্রহীতা শ্রী মদন সাহা আমাদিগের প্রাপ্ত যৌথ সম্পত্তি হইতেছে।

*<u>।। " খ " তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় ।।</u>*

জেলা উত্তর ২৪ পরগণা এ্যাডিশ্যনাল ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রি অফিস, কাশীপুর দমদম পরগণা কলিকাতা, সাউথ দমদম মিউনিসিপ্যালিটীর ২৬নং ওয়ার্ডের অন্তর্গত ৮৯নং বাগুইআটি ফোর্থ লেন জনকল্যাণ কলোনী প্রেমিসেসভুক্ত এবং পূর্ব্বতন ৬নং তৎপরে ৬/২নং বর্তমানে ১১নং বাগুইআটি ফোর্থ লেন, হোল্ডিংভূক্ত ও থানা দমদম এর এলাকাধীন, জেঃ এলঃ নং ২০, রেঃ সাঃ নং - ১৫৪, মৌজা ষাটগাছি, ১৮২নং ও ১৬৯নং তৌজি, উর্দ্ধতন মালিক বর্তমানে উত্তর ২৪ পরগণা জেলা কলেকটার বাহাদুর অধিকারে ৫০৫ নং খতিয়ানস্থিত ২১৯৭ একুশ শত সাতানব্বই নম্বর দাগ এবং ২২৯নং খতিয়ানস্হিত ২২০০ বাইশ শত দাগে উভয় দাগের

জমি মধ্যে "ক" তপশীল বর্ণিত স্থানীয় মাপের কমবেশী ১-৩-৩ এক কাঠা তিন ছটাক তিন বর্গফুট জমি মায় গৃহাদি মধ্যে আমার নিজাংশের কমবেশী ০-৯-২৪ বর্গফুট জমি মায় ২০০ বর্গফুট ইটের দেওয়াল টালির ছাউনি যুক্ত গৃহাদি মধ্যে অত্র সহ নক্সায় প্রদর্শিত " লাল " রঙে বেষ্টিত ও সীমাঙ্কিত পূর্ব্ব দিকস্থ স্থানীয় মাপের ০-৪-৩৪ চার ছটাক চৌত্রিশ বর্গফুট জমি মায় ১০০ বর্গফুট পরিমিত গৃহাদি যাবতীয় আকর আওলাতাদি। রিভিশ্যনাল সেটেলমেন্টের ৫৮৪৮ নং দাগ। হারাহারি মত বার্ষিক খাজনা ৫০৫নং খতিয়ানে ০৬ পয়সা জমা। ২২৯নং খতিয়ানে ০৪ পয়সা জমা।

*যাহার চৌহাদ্দিঃ-*

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ- | শ্রীমতী কনক লতা সাহা ভৌমিক। |
| দক্ষিনে | ঃ- | ৪-০´ ফুট প্রশস্ত কমন প্যাসেজ। |
| পূবের্ব | ঃ- | শ্রী মদন সাহা। |
| পশ্চিমে | ঃ- | আমার খাসে থাকা অবশিষ্ট জমি ও বাড়ী। |

অত্র চৌহদ্দি মধ্যে স্থানীয় মাপের কমবেশী ০-৪-৩৪ চার ছটাক চৌত্রিশ বর্গফুট জমি মায় ১০০ বর্গফুট পরিমিত গৃহাদি যাবতীয় আকর আওলাতাদি শ্রী মদন সাহা তোমার অনুকূলে দানকৃত সম্পত্তি হইতেছে।

আমি আপনার দান সানন্দে, সশ্রদ্ধ চিত্তে গ্রহন করিলাম।

শ্রী মদন সাহা

*ইসাদি ঃ-*

১/ অঞ্জলি সাহা-
৮-৯ নং বসুনগর রোড
৪ নং লেন

২/ শ্রী নারায়ণ কুমার ভট্টাচার্য্য
সাং বিডি/৬, দেশবন্ধু নগর,
কোল - ৭০০০৫৯/-

*দলিল প্রস্তুত কারক ঃ-*

শ্রী নারায়ণ কুমার ভট্টাচার্য্য

শ্রী নারায়ণ কুমার ভট্টাচার্য্য,
সাং - বি.ডি.-৬, দেশবন্ধুনগর।
বাগুইআটি, কোলকাতা - ৫৯।
এল নং ডি. ডব্লু XI - ২১।

*টাইপ্ কারক ঃ-*

সুদীপ্ত গুপ্ত


সুদীপ্ত গুপ্ত
এবি/৩১, দেশবন্ধুনগর,
কোলকাতা - ৭০০ ০৫৯।

SITE PLAN OF LAND MOUZA SATGACHI P.S.
DUM DUM DIST. 24 PARGANAS(N) J.L. No. 20 R.S. No. 154. C.S. KHA 505
229. C.S. DAG No.- 2197, 2200 R.S. DAG. 5848 WARD No. 26, HOLDIN
BAGUATI 4RTH LANE UNDER SOUTH DUM DUM MUNICIPA

DONER :- SRI NANI GOPAL SAHA
SOLD LANDS ACH 34 Sft APPRX
R.T. SHED AREA 60 Sft

DONEE :- SRI MADAN SAHA

SCALE 10'0" : 1"




Drawn by N Seal
[illegible]
8/8/09

[illegible]
Sig of DONEE

[illegible]
Sig of DONER

Seal of the Additional District Sub Registrar
Cossipore Dum Dum, North 24 Pgs.

District Sub Registrar
Cossipore Dum Dum

4 NOV 2009

Seal of the Additional District Sub Registrar
Cossipore Dum Dum, North 24 Pgs.

11/3/9